

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২৬৮৭

১৫/ <u>রক্ত</u>পণ (كتاب الديات)

পরিচ্ছেদঃ ১৫/৩২. কেউ চুক্তিবদ্ধ অমুসলিম যিম্মীকে হত্যা করলে

بَابِ مَنْ قَتَلَ مُعَاهَدًا

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ حَدَّثَنَا مَعْدِيُّ بْنُ سُلَيْمَانَ أَنْبَأَنَا ابْنُ عَجْلَانَ عَنْ أَبِيهِ عَنْ أَبِي عَنْ أَبِي هُرَيْرَةَ عَنْ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ مَنْ قَتَلَ مُعَاهَدًا لَهُ ذِمَّةُ اللهِ وَذِمَّةُ رَسُولِهِ لَمْ يَرَحْ رَائِحَةَ الْجَنَّةِ وَإِنَّ رِيحَهَا لَيُوجَدُ مِنْ مَسِيرَةِ سَبْعِينَ عَامًا

বাংলা

২/২৬৮৭। আবৃ হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ যে ব্যক্তি আল্লাহ ও তাঁর রাসূলের নিরাপত্তা লাভকারী কোন যিম্মীকে হত্যা করবে সে জান্নাতের সুগন্ধও পাবে না। অথচ সত্তর বছরের দূরত্ব থেকেও অবশ্যই তার সুগন্ধ পাওয়া যাবে।

English

It was narrated from Abu Hurairah that the Prophet (ﷺ) said:

"Whoever kills a Mu'ahid who has the protection of Allah and the protection of his Messenger, will not smell the fragrance of Paradise, even though its fragrance may be detected from a distance of Seventy years."

ফুটনোট

তিরমিযী ১৪০৩, গায়াতুল মারাম ৪৫০, আত-তালীকুর রাগীব ৪/৪৫।

তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী মা'দী বিন সুলায়মান সম্পর্কে আবু যুরআহ আর-রাযী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। তিনি ইবনু আজলান থেকে মুনকার সুত্রে হাদিস বর্ণনা করেছেন। আহমাদ বিন শু'আয়ব আন-নাসায়ী বলেন, তিনি দুর্বল। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি আবিদ তবে তিনি দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ৬০৮৩, ২৮/২৫৮ নং পৃষ্ঠা)



উক্ত হাদিসটি সহিহ কিন্তু মা'দী বিন সুলায়মান এর কারণে সানাদটি দুর্বল। হাদিসটির ৮৯ টি শাহিদ হাদিস রয়েছে, তন্মধ্যে উল্লেখযোগ্য হলঃ বুখারী ৩১৬৬, ৬৯১৪, তিরমিযি ১৪০৩, আবু দাউদ ২৭৬০, আহমাদ ৬৭০৬, ১৬১৫৪, ১৯৮৬৩, ১৯৮৬৯, ১৯৮৮৩, ১৯৮৮৯, ২৭৫৩২, মুসান্নাফ আবদুর রাযযাক ১৮৫২১, মু'জামুল আওসাত ৪৩১, ৬৬৩, ২৯২৩, ৮০১১।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন